

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭২২

১/ বিবিধ

আরবী

الليل والنهار مطيتان، فاركبوهما بلاغا إلى الآخرة، وإياك والتسوية بالتوبة، وإياك
والغرة بحلم الله
ضعيف جدا

رواه أبو الطيب محمد بن حميد الحوراني في " جزئه " (ورقة 70 وجه 1 - من
مجموع ظاهرية دمشق رقم 87) من طريق عمرو بن بكر عن سفيان الثوري عن أبيه
عن عكرمة عن ابن عباس مرفوعا. قلت: وهذا سند ضعيف جدا من أجل عمرو هذا،
قال الذهبي: " واه، قال ابن عدي: له أحاديث مناكير عن الثقات: ابن جريج وغيره،
وقال ابن حبان: يروي عن الثقات الطامات ". ثم قال الذهبي في ترجمته: " أحاديثه
شبه موضوعة ". وقال الحافظ في " التقريب ": " متروك
والحديث أورده السيوطي في " الجامع الصغير " بالشطر الأول فقط وقال: " رواه ابن
عدي وابن عساكر عن ابن عباس ". وتعقبه المناوي بقوله: " قضية كلام المصنف أن
ابن عدي خرجه وأقره، والأمر بخلافه، فإنه أورده في ترجمة عبد الله بن محمد بن
المغيرة وقال: عامة ما يرويه لا يتابع عليه. وفي " الميزان " قال أبو حاتم: غير قوي،
وقال ابن يونس: منكر الحديث، ثم ساق له هذا الخبر ". قلت: ومن طريقه رواه تمام
(2 / 250)

বাংলা

৭২২। রাত ও দিন দুটি বাহন স্বরূপ। অতএব তোমরা সে দুটির উপর আরোহণ কর আখেরাতে পোঁছার জন্য। দ্রুত তাওবা করার মাধ্যমে বিলম্ব করা হতে নিজেকে রক্ষা কর এবং আল্লাহকে স্বপ্নে দেখার মাধ্যমে ধোঁকা দেয়া হতে নিজেকে রক্ষা কর।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি আবুত তাইয়েব মুহাম্মাদ ইবনু হুমায়েদ আল-হাওরানী তার "জুযউ" (পৃঃ ৭০) গ্রন্থে আমার ইবনু বকর হতে তিনি সুফিয়ান ছাওরী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এই আশ্রের কারণে এ সনদটি খুবই দুর্বল।

হাফিয় যাহাবী বলেনঃ তিনি খুবই দুর্বল। ইবনু আদী বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বহু মুনকার হাদীছ বর্ণনা করেছেন। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে মহাবিপদ বর্ণনা করেছেন। অতঃপর যাহাবী তার জীবনী আলোচনা করতে গিয়ে বলেছেনঃ তার হাদীছগুলো বানোয়াটের সাথে সাদৃশ্যপূর্ণ। হাফিয় "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি মাতরুক।

হাফিয় সুযুতী হাদীছটির প্রথম অংশটুকু "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। এ কারণে তার ভাষ্যকার মানবী তার সমালোচনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71601>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন